

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-২ শাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০২১.০৪.০৩০.১৮- ৩৩৯


তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪২৫
২৯ জুন ২০১৮

- বিষয় : রিট পিটিশন নং-১২৪৬/২০১৮ [পিটিশনার জনাব এ.কে.এম. আসাদুর রহমান দুলা, পিতা- মৃত মোঃ বেলায়েত আলী জোয়ারদার, গ্রাম- কুন্দইশ, থানা- শাজাহানপুর, জেলা-বগুড়া] এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।
- সূত্র : ১) স্থানীয় সরকার বিভাগের আইন-২ শাখার ২১/০৩/২০১৮ তারিখের ১৩৯ নং স্মারক।
২) জেলা প্রশাসক, বগুড়া এর স্থানীয় সরকার শাখার ৩১/০৫/২০১৮ তারিখের ৬১০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন আড়িয়া হাট-বাজার বন্যা ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী হিসেবে বাংলা ১৪২৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত ইজারার মেয়াদ বর্ধিতকরণের বিষয়ে হাইকোর্ট বিভাগে ১২৪৬/২০১৮ নং রিট পিটিশন দায়ের করা হয়। উক্ত রিট পিটিশন এর যাচিত দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি জেলা প্রশাসক, বগুড়া এর নিকট হতে ২ (দুই) নং সূত্র মূলে প্রেরণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, প্রাপ্ত দফাওয়ারী জবাব এবং প্রাসঙ্গিক কাগজপত্র এতদসঙ্গে প্রেরণপূর্বক হাইকোর্ট বিভাগে সরকার পক্ষে জবাব দাখিল এবং রিট প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, সূত্র-১ বর্ণিত পত্রমূলে ওকালতনামা ইতিপূর্বে তাঁর বরাবরে প্রেরণ করা হয়েছে।

সংযুক্ত : দফাওয়ারী জবাব ও প্রাসঙ্গিক কাগজপত্র..... ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

ফোন: ৯৫৪০১৯৭

ই-মেইল: dslaw2.lgd.gov@gmail.com

বিজ্ঞ সলিসিটর
সলিসিটর উইং
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।

সদয় অবগতি / কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ এটর্নি জেনারেল অব বাংলাদেশ, এটর্নি জেনারেল অফিস, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
২. জেলা প্রশাসক, বগুড়া;
৩. উপসচিব (প্রশাসন-২), স্থানীয় সরকার বিভাগ;
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. অফিস কপি/মাস্টার কপি।